

ছাত্র সংসদ নির্বাচন নিয়ে সরকারের কোন দ্বিমত নেই : শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্র সংসদ নির্বাচন নিয়ে কোন দ্বিমত নেই। শুধু সরকারি শিক্ষা প্রতিষ্ঠান নয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতেও এই নির্বাচন হওয়া উচিত। তিনি আরও বলেন, সরকারের সিদ্ধান্তের ওপর ছাত্র সংসদ নির্বাচন নির্ভরশীল নয়। বিশ্ববিদ্যালয়গুলোর পরিচালনা কমিটি ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সর্বোচ্চ কর্তৃপক্ষ এ বিষয়ে উদ্যোগ নিতে পারে। তারা উদ্যোগ নিলে সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা করা হবে। বৃহৎপতিবার জাতীয় সংসদে শিক্ষা প্রতিষ্ঠানের জবাব দিতে গিয়ে নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন।

সংসদ সদস্য জনাইন আহমেদ পলক তার সিদ্ধান্তে প্রত্যবে বলেন, দেশের সব সরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন করা হোক। এর ওপর বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দেশের বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানকে আজ ব্যবসায়ী প্রতিষ্ঠানে পরিণত করা হয়েছে। সেখানে কোন ছাত্র সংসদ নেই। অথচ আমাদের ছাত্র রাজনীতির জড়িত গৌরবোন্মুল্ক ইতিহাস রয়েছে। দীর্ঘদিন ধরে সরকারি এসব প্রতিষ্ঠানে নির্বাচন হচ্ছে না। এটা দুঃখজনক। এ বিষয়ে সরকারের এগিয়ে আসা উচিত।

জাতীয় পার্টির মুন্সিফুল হক বলেন, অনেকে ধরবে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদকে বৈরামান করেন, অথচ তার আশেই শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্র সংসদ নির্বাচনের আয়োজন করা হয়। এরপরই বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, শিক্ষার পরিবেশ বজায় রাখা সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এ দিকে বর্তমান সরকার কাজ করছে। এক্ষেত্রে ছাত্র সংসদগুলো বড় ভূমিকা পালন করতে পারে। মন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যে একেবারে নির্বাচন হচ্ছে না তা নয়। তার কাছে তথ্য রয়েছে, ১১টি শিক্ষা প্রতিষ্ঠানে মঞ্চলভাবে নির্বাচন হয়েছে। সেখানে ছাত্র সংসদ কাজ করছে। তিনি বলেন, এরই মধ্যে ছুটপোলেতে ছাত্র পরিষদ গঠন করা হয়েছে। সেখানে ছাত্ররাই সবকিছুর দায়িত্ব পালন করেছেন। আমরা চাই শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় শিক্ষিত করে পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে।